

গর্ভকালীন সময়ে শিশুর নড়াচড়া গুরুত্বপূর্ণ

গর্ভকালীন সময়ে শিশুর নড়াচড়া গুরুত্বপূর্ণ কেন ?



যদি আপনার গর্ভের শিশুর নড়াচড়ার ধরণ পরিবর্তন হয়, তাহলে এই ধরণের লক্ষণে বুঝতে হবে যে, গর্ভের শিশু সুস্থ নয়।

যেসব মায়েরা মৃত সন্তান প্রসব করেছেন তাদের মধ্যে প্রায় অর্ধেক সংখ্যক মায়েরা পর্যবেক্ষণ করেছেন যে তাদের গর্ভকালীন সময়ে শিশুর নড়াচড়া হ্রাস বা থেমে গেছে।

গর্ভকালীন সময়ে কত ঘন ঘন আমার গর্ভস্থ শিশু নড়াচড়া করবে?



স্বাভাবিক নড়াচড়ার কোন নির্দিষ্ট সংখ্যা নাই।

গর্ভবতী মায়ের শিশুর নিজস্ব নড়াচড়ার ধরণ জানতে হবে।

গর্ভস্থ শিশুর নড়াচড়াকে বর্ণনা করা যেতে পারে যেমন লাথি মারা বা ঝাপটানি, আঘাত করা বা গড়িয়ে পড়ার মত এমন যে কোন কিছু।

গর্ভবতী মা গর্ভস্থ শিশুর নড়াচড়া গর্ভের ১৬ এবং ২৪ সপ্তাহের মধ্যে অনুভব করতে শুরু করবেন, গর্ভের ফুল যেখানেই থাকুক না কেন।

শিশুর নড়াচড়া সম্বন্ধে প্রচলিত ধারণা



গর্ভকালীন সময়ের শেষের দিকে শিশুর নড়াচড়া কমে যায় তা সত্য নয়।

আপনার প্রসব বেদনা শুরু হওয়া পর্যন্ত আপনি **সর্বদা আপনার শিশুর নড়াচড়া অনুভব করতে থাকবেন**, এমনকি প্রসবের সময়ও।



আপনার শিশুর নড়াচড়া সম্বন্ধে যদি দৃশ্টিস্ত তা হয়, তাহলে আপনার শিশুকে উদ্দীপ্ত করার জন্য কিছু খেলে বা পান করলে কোন ফল হবে না।

আমার কী করা উচিত?

যে কোন অবস্থায়, আপনি যদি আপনার শিশুর নড়াচড়ার কোন পরিবর্তনে চিন্তিত হন, তাহলে আপনার ধাত্রী বা ডাক্তারের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করুন।

আপনি তাঁদের সময় নষ্ট করছেন না।



এর পর কী হতে পারে ?

আপনার ধাত্রী বা ডাক্তারের উচিত আপনাকে আপনার ম্যাটারনিটি ইউনিটে আসতে বলা (যেখানে কর্মচারীদেরকে ২৪ ঘণ্টা, সপ্তাহের ৭ দিন পাওয়া যাবে)।

তদন্তে অন্তর্ভুক্ত থাকতে পারেঃ

- গর্ভস্থ শিশুর হৃদস্পন্দন পরীক্ষা করা
- আপনার গর্ভস্থ শিশুর বৃদ্ধির পরিমাপ করা
- আলট্রাসাউণ্ড স্ক্যান
- রক্ত পরীক্ষা



আরো বিস্তারিত তথ্যের জন্য **ওয়েবসাইট দেখুন: movementsmatter.org.au**

এদের দ্বারা অনুমোদনকৃতঃ রয়েল অস্ট্রেলিয়ান এন্ডো নিউ জীল্যান্ড কলেজ অব অবসটেরিটরিয় এন্ড গাইনিকোলোজী (RANZCOG), বেয়ারস অব হোপ এন্ড স্যান্ডস এবং নীচের প্রতিষ্ঠানগুলো। আমরা টমির ইউকে-কে তাদের অভিমানকে আমাদের প্রয়োজনে ব্যবহার করতে দেয়ার জন্য ধন্যবাদ জানাই। stillbirthcre@mater.uq.edu.au এখানে আমাদের সঙ্গে যোগাযোগ করুন